

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৬১২

আগরতলা, ০১ জুলাই, ২০২৪

রাজভবনে ন্যাশনাল ডক্টরস ডে

চিকিৎসকগণ মানুষের স্বাস্থ্য সুরক্ষায় নিরন্তর কাজ করছেন : রাজ্যপাল



রাজভবনে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ন্যাশনাল ডক্টরস ডে পালন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু। অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল বলেন, চিকিৎসকগণ মানুষের স্বাস্থ্য সুরক্ষায় নিরন্তর কাজ করছেন। পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা প্রবাদপ্রতীম চিকিৎসক ডা. বিধানচন্দ্র রায়ের জন্মদিন উপলক্ষে এই দিনটি পালন করা হয়। তিনি বলেন, চিকিৎসক ও রোগীর মধ্যে সম্পর্ক সুদৃঢ় হলে একজন চিকিৎসকের প্রতি রোগীর আস্থা বৃদ্ধি পাবে। অনুষ্ঠানে উপস্থিত চিকিৎসকগণকে রাজ্যপাল সংবর্ধনা জানান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অতিরিক্ত সচিব ডা. ব্রাহ্মীত কাউরা। স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা. সঞ্জীব দেববর্মা, এজিএমসি ও জিবিপি হাসপাতালের ম্যাডিকেল সুপারিনটেন্ডেন্ট ডা. শুভঙ্কর চক্রবর্তীও বক্তব্য রাখেন। উপস্থিত ছিলেন রাজ্যপালের উপসচিব রতন ভৌমিক। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*